গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
E-mail : pbgsedp2021@gmail.com

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/ ২০৬    তারিখ : ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রি.

বিষয়: "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিম" -এর আওতায় বিতরণকৃত "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" -এর অর্থ প্রেরণ এবং খাতভিত্তিক ব্যয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP)-এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিম"-এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" হিসেবে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে ibas++ প্লাটফরম ব্যবহার করে EFT এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। উক্ত অনুদানের অর্থ নিম্নবর্ণিত খাতসমূহে ব্যয় নিশ্চিতকরণ এবং সরকারি বিধি মোতাবেক বিল-ভাউচার প্রস্তুতপূর্বক পরবর্তী কার্যক্রমের জন্য প্রতিষ্ঠানে সংরক্ষণ করার অনুরোধ করা হলো।

SMAG/MMAG/GBAG এর ৫০০০০০ (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের খাতসমূহ:

| ক্র.ন. | ব্যয়ের খাত | শতকরা হার ও টাকার পরিমান | ব্যয়ের বিবরণ |
|---|---|---|---|
| ১। | শিক্ষকবৃন্দের জন্য প্রণোদনা | ২০%<br>১,০০,০০০/-<br>(এক লক্ষ টাকা) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যেক সহকারী শিক্ষককে ১ ইউনিট ধরে সকল শিক্ষকের মধ্যে নিম্নোক্ত আনুপাতিক হারে প্রণোদনার অর্থ বন্টন করতে হবে-<br>সহকারী শিক্ষক- ১x প্রতিজন<br>সহকারী প্রধান শিক্ষক- ১.২৫x প্রতিজন<br>প্রধান শিক্ষক- ১.৫x প্রতিজন<br>** প্রতিষ্ঠানের শিক্ষক সংখ্যা কম/বেশি হলে প্রত্যেকের প্রাপ্য অর্থের পরিমান সে অনুযায়ী বৃদ্ধি/হ্রাস হবে।<br>(উদাহরণস্বরূপ: ১টি প্রতিষ্ঠানে ১০ জন শিক্ষক হলে নিম্নরূপ বণ্টন অনুপাত হবে-<br>প্রধান শিক্ষক ১x ১.৫=১.৫<br>সহকারী প্রধান শিক্ষক ১x ১.২৫=১.২৫<br>সহকারী শিক্ষক ৮ x ১ =৮<br>মোট আনুপাতিক একক (১.৫+১.২৫+৮) = ১০.৭৫<br>সুতরাং প্রতি সহকারী শিক্ষক পাবেন (১০০০০০÷ ১০.৭৫) = ৯৩০২.৩৩ টাকা,<br>প্রতি সহকারী প্রধান শিক্ষক পাবেন ১.২৫ x ৯৩০২.৩৩= ১১৬২৮ টাকা,<br>প্রধান শিক্ষক পাবেন ১.৫০ x ৯৩০২.৩৩= ১৩৯৫৩ টাকা)। |
| ২। | বইপত্র- লাইব্রেরি, শিক্ষা উপকরণ এবং গবেষণাগার সরঞ্জাম ইত্যাদি | ৩০%<br>১,৫০,০০০/-<br>(এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) | ৩ সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে আইনত নিষিদ্ধ, অননুমোদিত, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী এবং বিতর্কিত বই ব্যতীত প্রয়োজনানুযায়ী অন্যান্য বই ক্রয়। |
| ৩। | ছাত্র-ছাত্রী বিশেষ করে ছাত্রীদের জন্য স্কুল/কলেজ/মাদ্রাসা/ফ্যাসিলিটির (অবকাঠামো, বিশুদ্ধ পানি, শৌচাগার, কমনরুম ইত্যাদি) উন্নয়ন | ২৫%<br>১,২৫,০০০/-<br>(এক লক্ষ পঁচিশ হাজার টাকা) | বিশুদ্ধ পানির জন্য টিউবওয়েল/ফিল্টার সংযোজন এবং ছাত্রীদের জন্য বাধ্যতামূলকভাবে পৃথক শৌচাগার/কমনরুমের উন্নয়ন। |
| ৪। | সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সহায়তা ব্যয় | ১৫%<br>৭৫,০০০/-<br>(পঁচাত্তর হাজার টাকা) | উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক এবং শিক্ষক প্রতিনিধির সমন্বয়ে ৩ সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে ভূমিহীন, গৃহহীন, অতিদরিদ্র, দুস্থ, এতিম, প্রতিবন্ধী, নদী-সিকস্তি পরিবারের শিক্ষার্থীদের মেধারভিত্তিতে সহায়তা প্রদান। প্রতিজন শিক্ষার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। |
| ৫। | প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ফ্যাসিলিটি উন্নয়ন | ১০%<br>৫০,০০০/-<br>(পঞ্চাশ হাজার টাকা) | সরকার কর্তৃক স্বীকৃত প্রতিবন্ধিতার মাত্রানুযায়ী অগ্রাধিকার চাহিদাসম্পন্ন প্রতিবন্ধীকে যথাসম্ভব সহায়তা প্রদান। (প্রয়োজনসাপেক্ষে হুইল চেয়ার, ক্রাচ, সাদা ছড়ি, হিয়ারিংএইড সরবরাহ ও র‍্যাম তৈরি) |

সংযুক্তি : SMAG/MMAG/GBAG প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের তালিকা।

১৯/৬/২০২৩

(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপার-------------------------------------
উপজেলা/থানা : -----------------------
জেলা : ------------------------------।

Field Letter 2021 DD. 97- S

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/ ২০৩ তারিখ : ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব, এসইডিপি, পিসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। পরিচালক (কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/প্রশিক্ষণ/ মনিটরিং এন্ড ইভালুয়েশন/ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১২। জেলা প্রশাসক, জেলা : ......................................................।
১৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।
১৪। জেলা শিক্ষা অফিসার, জেলা......................................।
১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) ..........................................।
১৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সার্বিক সহযোগিতা ও প্রয়োজনীয় মনিটরিং-এর অনুরোধসহ)
১৭। সভাপতি, SMC/MMC/GB ...................................................... (সংযুক্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠান)।
১৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১৯। সংরক্ষণ নথি।

19/06/2023

(শাহানাজ পারভীন কাজল)
উপপরিচালক
ফোন: ০২-২২৬৬৪৭০২২